JAN. 0 : 2000

# ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কেন্দ্রীয় সভাপতি ও সম্পাদকের শুভেচ্ছা

**প্রেস বিজ্ঞপ্তি :** জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সভাপতি নাসিরউদ্দিন আহমেদ পিন্টু ও সাধারণ সম্পাদক সাহাবুদ্দিন লান্টু গতকাল (রবিবার) এক বিবৃতিতে জাতীয়তাবাদী ছাত্রদলের ২২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ছাত্রদলের সর্বস্তরের নেতা-কর্মীদের প্রাণঢালা শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। নেতৃদ্বয় বলেন যে, ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত স্বাধীনতার পর তৎকালীন ক্ষমতাসীন সরকারের ছাত্রসংগঠনসহ অপরাপর ছাত্রসংগঠনসমূহ এ দেশের ছাত্রসমাজের নিকট গ্রহণযোগ্য ছাত্রআন্দোলন গড়ে তুলতে ব্যর্থ হয়েছিল। কিন্তু একথা সত্য যে, ইতিহাসের চাকা সবসময় সামনের দিকে ধাবিত হয়, আর এই সত্যকে উপলব্ধি করে মুক্তিযুদ্ধের মহান ঘোষক শহীদ প্রেসিডেন্ট জিয়াউর-রহমান ছাত্র রাজনীতির অতীত গৌরবকে ফিরিয়ে আনার জন্য এবং উৎপাদনমুখী শিক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠার জন্য ১৯৭৯ সালের ১লা জানুয়ারী প্রতিষ্ঠা করেন বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল।

নেতৃদ্বয় আরো বলেন, আজ আমরা এমন এক সময় ছাত্রদলের ২২তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করতে যাচ্ছি, যখন দেশে চলছে স্বৈরাচারী বাকশালী শাসন ব্যবস্থা। সকল শিক্ষা প্রতিষ্ঠানসহ সারাদেশে চলছে হত্যা, নির্যাতন, নারী ধর্ষণ, গুম, অপহরণ, চাঁদাবাজিসহ নানামুখী ফ্যাসিবাদী কার্যকলাপ। ভূলুণ্ঠিত হচ্ছে গণতন্ত্র, মানবাধিকার, স্বাধীনতা ও সার্বভৌমত্ব। দেশের এই নাজুক পরিস্থিতিতে দেশের সর্ববৃহত্তম ছাত্র সংগঠন জাতীয়তাবাদী ছাত্রদল ঘরে বসে থাকতে পারে না। তাই আমরা '৫২, '৬২, '৬৯, '৭১ ও '৯০-এর চেতনায় উদ্বুদ্ধ হয়ে এ দেশের জাতীয়তাবাদী চেতনাসম্পন্ন ছাত্রসমাজকে সাথে নিয়ে বর্তমান গণতন্ত্রের ধ্বজাধারী আওয়ামী বাকশালী সরকারের পতন ঘটিয়ে এদেশে দেশপ্রেমিক গণতান্ত্রিক জাতীয়তাবাদী সরকার প্রতিষ্ঠা করে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার হাতকে শক্তিশালী করার মাধ্যমে ছাত্রসমাজের শিক্ষার অধিকার প্রতিষ্ঠা করব এটাই হোক ২২তম প্রতিষ্ঠাবার্ষিকীর অঙ্গীকার।

নেতৃদ্বয় জাতীয়তাবাদী ছাত্রদলের সর্বস্তরের নেতাকর্মীদের যথাযোগ্য মর্যাদায় ২২তম প্রতিষ্ঠাবার্ষিকী পালনের আহবান জানান।

**ছাত্রদল নেতাদের মুক্তি দাবী**

জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় সংসদের সভাপতি নাসিরউদ্দিন আহমেদ পিন্টু ও সাধারণ সম্পাদক সাহাবুদ্দিন লান্টু এক বিবৃতিতে ছাত্রদলের ২২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ছাত্রদল নেতা আসাদুজ্জামান আসাদ, ইমামুল হাসান হেলাল, আরমান আহমেদ এলিন, জাকির খান, এ ইউ শাহীনসহ সকল ছাত্ররাজবন্দির নিঃশর্ত মুক্তির দাবী জানিয়েছেন। বিবৃতিতে নেতৃদ্বয় বলেন, জেল-জুলুম, হত্যা, নির্যাতনসহ শত অত্যাচার করে ছাত্রদলের অগ্রযাত্রা অতীতে যেমন ব্যাহত করা যায়নি ভবিষ্যতেও যাবে না। নেতৃদ্বয় আরো বলেন, ২২তম প্রতিষ্ঠাবার্ষিকীর শুভলগ্নে ছাত্রদলের নেতাদের নামে দায়েরকৃত ষড়যন্ত্রমূলক মিথ্যা মামলা প্রত্যাহার ও গ্রেফতারকৃত নেতাকর্মীদের মুক্তি দিতে হবে, অন্যথায় জাতীয়তাবাদী ছাত্রদল সারা বাংলাদেশের ছাত্রসমাজকে সাথে নিয়ে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার নেতৃত্বে ঐক্যবদ্ধ আন্দোলনের মধ্যদিয়ে খুনী হাসিনার পতন নিশ্চিত করে কারারুদ্ধ নেতা-কর্মীদের মুক্ত করবেই।